

এলেম নতুন দেশে—

তলায় গেল ভগ্ন তরী, কূলে এলেম ভেসে ॥

অচিন মনের ভাষা শোনাবে অপূর্ব কোন্ আশা,

বোনাবে রঙিন সুতোয় দুঃখসুখের জাল,

বাজবে প্রাণে নতুন গানের তাল—

নতুন বেদনায় ফিরব কেঁদে হেসে ॥

নাম-না-জানা প্রিয়া

নাম-না-জানা ফুলের মালা নিয়া হিয়ায় দেবে হিয়া ।

যৌবনেরি নবোচ্ছ্বাসে ফাগুন মাসে

বাজবে নূপুর বনের ঘাসে ।

মাতবে দখিনবায় মঞ্জরিত লবঙ্গলতায়

চঞ্চলিত এলো কেশে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Style: Behag-Baul

Visit www.geetabitan.com for notation and other detail